

দিল্লিতে অবতরণের পরই এয়ার ইন্ডিয়ার ফ্লাইটে আগুন

- A Monitor Desk Report

Date: 23 July, 2025



ঢাকাঃ আবারও দুর্ঘটনার কবলে এয়ার ইন্ডিয়ার উড়োজাহাজ। মঙ্গলবার (২২ জুলাই) দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করার পরই আগুন ধরে যায় উড়োজাহাজের ছোট ইঞ্জিনে।

এক বিবৃতিতে এয়ার ইন্ডিয়া জানিয়েছে, হংকং থেকে দিল্লিগামী এয়ার ইন্ডিয়ার ফ্লাইট এআই-৩১৫ দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের পর পরই বিমানের অক্সিলিয়ারি পাওয়ার ইউনিটে আগুন লাগে। তবে এ ঘটনায় যাত্রী ও বিমানের কর্মীরা নিরাপদ আছেন।

সংবাদমাধ্যম বলছে, উড়োজাহাজের যাত্রীরা যখন নামছিলেন, তখনই আগুনের সূত্রপাত হয় বলে জানানো হয়েছে। আগুন ধরা পড়ার সঙ্গে সঙ্গে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে অক্সিলিয়ারি পাওয়ার ইউনিটে বন্ধ হয়ে যায়। এ সময় যাত্রী ও ক্রুরা নিরাপদে নেমে যান।

এয়ার ইন্ডিয়া জানিয়েছে, এয়ারবাস এ৩২১ মডেলের বিমানটিতে কিছুটা ক্ষয়ক্ষতি হয়েছে এবং তা তদন্ত না হওয়া পর্যন্ত গ্রাউন্ডেড রাখা হয়েছে। ডিরেক্টরেট জেনারেল অব সিভিল এভিয়েশনকে বিষয়টি জানানো হয়েছে।

এয়ার ইন্ডিয়ার মুখপাত্র জানিয়েছেন, কীভাবে আগুন লাগল, তা পরীক্ষা করে দেখা হচ্ছে।

গত সোমবারও (২১ জুলাই) এয়ার ইন্ডিয়ার একটি ফ্লাইট দুর্ঘটনার কবলে পড়ে। স্থানীয় গণমাধ্যম জানিয়েছে, দুর্ভাগ্যপূর্ণ আবহাওয়ার মধ্যেই ভারতের কোচি থেকে মুম্বাইয়ে অবতরণ করছিল এয়ার ইন্ডিয়ার ওই ফ্লাইটটি।

তবে প্রবল বৃষ্টির মাঝে অবতরণের সময় দুর্ঘটনাবশত রানওয়ে থেকে পিছলে যায় ঢাকা। পাইলট ফ্লাইটটিকে ফের রানওয়েতে ফেরানোর চেষ্টা করলেও ব্যর্থ হন। পরিস্থিতি এতটাই গুরুতর আকার নেয় যে তিনটি ঢাকা ফেটে যায়। ক্ষতিগ্রস্ত হয় ফ্লাইটের ইঞ্জিন।

উল্লেখ্য, আহমেদাবাদে ভয়াবহউড়োজাহাজ দুর্ঘটনার পর থেকে বারবার দুর্ঘটনার মুখে পড়েছে এয়ার ইন্ডিয়া। প্রশ্ন উঠেছে বোয়িং ডিমলাইনারের সুরক্ষা নিয়েও।

এরই মাঝে রোববার (২০ জুলাই) ডেল্টা এয়ারলাইন্সের একটি বোয়িং ডিমলাইনার বিমানে মাঝ-আকাশে অগ্নিকাণ্ড ঘটে। পাইলটের তৎপরতায় তড়িঘড়ি সেটিকে লস অ্যাঞ্জেলেস বিমানবন্দরে জবুরি অবতরণ করানো হয়। এই দুর্ঘটনায় কেউ হতাহত না হলেও প্রশ্নের মুখে পড়ে নিরাপদ বিমানযাত্রা।

-B